সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

নম্বর: ২৭.১২.৮৮৯৪.৫০৯.০২.০০৮.২৩.৮৪

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে জনবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে শুধুমাত্র পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা হলো।

| ক্রঃনং | পদের নাম | বেতন ও ভাতাদি | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | **প্রারম্ভিক মাসিক মুল বেতন স্কেল** ১৪,৭০০/- টাকা হতে ২৬,৪৮০/- টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি অথবা প্রার্থীদের সর্বশেষ অভিজ্ঞতা সনদ এবং শেষ বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ভাতাদি নির্ধারণ করা হবে। | ০১। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০২। **বয়সসীমাঃ** দরখাস্ত গ্রহণের সর্বশেষ সময় অর্থাৎ **১৯/০২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে** প্রার্থীর সর্বোচ্চ ৫২ বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন এবং প্রার্থী সর্বোচ্চ ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় যেমন-যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

**শর্তাবলীঃ-**

০১। **আবেদন ফর্ম পুরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট **www.pbs1.sirajganj.gov.bd** হতে আবেদন ফর্ম (ফর্ম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A4 কাগজে ডাউনলোড পূর্বক স্ব-হস্তে পূরণ করে **আগামী ১৯/০২/২০২৪ খ্রিস্টাব্দ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। অসম্পূর্ণ, ভুল, নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

গ) জাতীয় পরিচয়/জন্ম সনদ পত্র এর সত্যায়িত ফটোকপি।

ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) ইতঃপূর্বে কর্মরত পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র ও সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র" যা এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক **সাম্প্রতিক সময়ে** সত্যায়িত হতে হবে।

০৩। **চুক্তির মেয়াদকালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে নূন্যতম এক/দুই টি কর্মদিবসের ব্যবধানে একই পবিস এ পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে প্রার্থী সর্বোচ্চ ০৯

(নয়) বছর (৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(খ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ১০,০০০/-(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে সুদসহ ফেরৎ দেওয়া হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।

(ঘ) সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং যারা ইতঃপূর্বে সিরাজগঞ্জ পবিস (অবিভক্ত) এবং সিরাজগঞ্জ পবিস-১ এ মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তারা উক্ত পদে কর্মরত আবেদন করতে পারবেন না।

(ঙ) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং এই পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বে শৃঙ্খলা ভঙ্গজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালিন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

(ঞ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে চুক্তি বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ আবেদন করতে পারবেন না।**

(ঠ) ইতঃপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের প্রাক পরিচয় ও অন্যান্য তথ্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক চাকুরীর অবসান ঘটানো হবে।

(ড) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩০-০১-২০২৪

আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০৭৪ (ফোন)
০৭৫২৯-৫৬১৭২ (ফ্যাক্স)
sirajpbs@yahoo.com

নম্বর:

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

২। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;

৫। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ;

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব ), আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- (বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশের

অনুরোধসহ);

৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস);

৮। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................., সিরাজগঞ্জ;

৯। সিরাজগঞ্জ পবিস-১ এর সকল অফিসার;

১০। এজিএম (আইটি), আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ);

১১। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-১;

১২। ওয়েবসাইট, সিরাজগঞ্জ পবিস-১ এবং

১৩। অফিস কপি, মাস্টার কপি।

৩০-০১-২০২৪
আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার